



# প্রথম আলো

প্রথম আলো, ১৭-০৩-২০২৩, অনলাইন

## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মেধা বৃত্তি প্রদান



অতিথিদের সঙ্গে বৃত্তি পাওয়া শিক্ষার্থীরা | ছবি: সংগৃহীত

পড়াশোনায় অসামান্য কৃতিত্বের জন্য ২১৭ শিক্ষার্থীকে মেধা বৃত্তি প্রদান করেছে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের মঞ্জুর এলাহী মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে এই বৃত্তি দেওয়া হয়।

২০২২ সালের গ্রীষ্মকালীন থেকে ২০২৩ সালের বসন্তকালীন সেমিস্টারে বৃত্তি পাওয়া শিক্ষার্থীদের হাতে বৃত্তির সনদ তুলে দেন অতিথিরা। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য অধ্যাপক মুহাম্মদ আলমগীর। তিনি বলেন, শিক্ষার্থীদের ভেতরে নানা ধরনের অস্থিরতা কাজ করে। যার কারণে সম্প্রতি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অনাকাঙ্ক্ষিত সংঘর্ষের ঘটনা ঘটছে। ক্লাসের পড়ালেখাসহ গোটা বিশ্ববিদ্যালয়ে এমন পরিবেশ তৈরি করতে হবে, তা যেন শিক্ষার্থীদের ভেতরে স্থিরতা আনতে সহায়ক হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক মোহাম্মদ ফরাসউদ্দিন। আরও বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম এম শহিদুল হাসান। অনুষ্ঠান সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য অধ্যাপক জিয়াউল হক। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারপারসন, শিক্ষক, কর্মকর্তা ও তাঁদের অভিভাবকেরা উপস্থিত ছিলেন।